

তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
Matlab, OriginPro and LaTeX কোর্সে ভর্তির তথ্যাবলী

১। কোর্সের সংক্ষিপ্ত বিবরণ:

■ **Lectures on Matlab**

Matlab (ম্যাটল্যাব) একটি উচ্চস্তরের প্রোগ্রামিং ভাষা, যেখানে জটিল গাণিতিক হিসেব-নিকেশ, সিমুলেশন কিংবা ভিজুয়লাইজেশনের মত কাজগুলি সঠিক ও সহজভাবে করা যায়। এটি উচ্চতর শিক্ষায়, গবেষণায়, বিশেষ করে প্রকৌশল ও বিজ্ঞানের বিভিন্ন শাখায় ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে থাকে।

■ **Lectures on OriginPro**

OriginPro (অরিজিনপ্রো) বিশ্বব্যাপী সমাদৃত তথ্য-উপাত্ত বিশ্লেষণকারী সফটওয়্যার। পরিসংখ্যানের বিভিন্ন ধরনের গ্রাফ বা লেখচিত্রের মাধ্যমে সহজে আঁকার জন্য এই সফটওয়্যার ব্যবহার হয়ে থাকে। বিশ্লেষণ কাজে বিজ্ঞানী ও প্রকৌশলীদের মাঝেও এটি বেশ জনপ্রিয়।

■ **Lectures on LaTeX**

LaTeX (ল্যাটেক্স) রিপোর্ট তৈরির জন্য ব্যবহৃত একটি ভাষা ও সফটওয়্যার। এটি মূলত বিভিন্ন বই এবং গবেষণাধর্মী লেখা বিশেষ করে থিসিস, রিসার্চ পেপার, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত ফলাফল উপস্থাপনের জন্য ব্যবহৃত হয়ে থাকে। বিশ্বজুড়ে এটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও অন্যান্য পেশার মানুষজনের মাঝে, বিশেষ করে রেফারেন্স, টেবিল অব কন্টেন্ট, ছবি, গাণিতিক সমীকরণ ইত্যাদি সহজ ও সঠিকভাবে প্রকাশের মাধ্যমে।

২। কোর্সের মেয়াদ: ১০ সপ্তাহ (৩ দিন/সপ্তাহ), সর্বমোট ৩০ টি ক্লাস, ক্লাসের সময়: ১ ঘন্টা ১৫ মিনিট/দিন

৩। ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ: ১৬ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ।

৪। ক্লাসের সময়সূচী:

গ্রুপ	শনিবার-সোমবার-বুধবার
১	২:০০ - ৫:০০
২	৫:০০ - ৮:০০

*উল্লিখিত সময়সূচীর মধ্য থেকে প্রতিটি গ্রুপের জন্য ১ ঘন্টা ১৫ মিনিটের একটি স্লট নির্ধারণ করে শিক্ষার্থীদেরকে মুঠোফোনের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৫। **ভর্তির যোগ্যতা:** আবেদনকারীকে অবশ্যই এইচ এস সি পাস হতে হবে। যে কোন সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অথবা কোন গবেষণা সংস্থা বা প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিগনকে অগ্রাধিকার দেয়া হবে।


৬। **নিয়মাবলী:**


সকল শিক্ষার্থীকে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে তার এইচ এস সি মূল সনদের স্ক্যান কপি, সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি এবং সিগনেচারের স্ক্যান কপি ফর্মের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে। এরপর অনলাইন সিস্টেমটি তাকে একটি পেমেন্ট গেটওয়েতে নিয়ে যাবে যেখানে তাকে মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট ইত্যাদি) অথবা ক্রেডিট কার্ড দিয়ে ভর্তির ফি জমা দিতে হবে। পেমেন্ট সম্পন্ন হলে তাকে একটি মানি রিসিপ্ট প্রদান করা হবে যাটি সে সিস্টেম থেকে ডাউনলোড করে প্রিন্ট নিতে পারবেন।


বিঃদ্রঃ প্রতি ব্যাচে ন্যূনতম শিক্ষার্থীর সংখ্যা পূরণ হওয়া সাপেক্ষে ক্লাস শুরুর এক সপ্তাহ আগে শিক্ষার্থীকে মোবাইল ফোনের মাধ্যমে অবহিত করা হবে। এখানে উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম চালু না হওয়া পর্যন্ত ক্লাস, পরীক্ষা এবং কোর্স-সংশ্লিষ্ট সকল কার্যক্রম অনলাইনের সম্পন্ন হবে।

৭। **কোর্স ফি:** টা: ৮,০০০/- (আট হাজার টাকা)।

৮। **যোগাযোগ:** ভর্তি এবং কোর্স সংক্রান্ত যেকোন তথ্যের জন্য ০১৭৭৯৪৮২৯৯৪, ০১৭১৬৭৭০৭১৪ নম্বরে সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত (শুক্রবার ও শনিবার বাদে) যোগাযোগ করা যাবে।


কোর্স কোঅর্ডিনেটর
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়


চেয়ার
ইভিনিং প্রোগ্রাম অফিস
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়


পরিচালক
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়